

ফাতওয়া নাম্বার: ৯০

প্রকাশকাল: ২৩ ই আগস্ট, ২০২০ ইংরেজি

## ব্যাংক থেকে মাল ক্রয় বাবদ টাকা নেওয়ার বৈধ পদ্ধতি কী?

### প্রশ্ন:

আমি ইসলামি ব্যাংক থেকে মাল ক্রয় বাবদ এক লাখ টাকা নিতে চাই। কিংবা তারা আমাকে মাল কিনে দিবে, এক বছরের মধ্যে তাদেরকে আমার এক লাখ দশ হাজার টাকা দিতে হবে। এভাবে টাকা নেওয়া কিংবা মাল নেওয়া কি জায়েয আছে?

প্রশ্নকারী-আব্দুল হাকিম

### উত্তর:

আপনি যদি সরাসরি এক লাখ টাকা নিয়ে নেন এবং পরে এক লাখ দশ হাজার পরিশোধ করেন, তাহলে তা সম্পূর্ণ সুদ হবে। হ্যাঁ, তারা যদি আপনাকে এক লাখ টাকার মাল কিনে আপনার কাছে এক বছরের মেয়াদে এক লাখ দশ হাজার টাকায় বাকিতে বিক্রি করে, তাহলে তা কয়েকটি শর্ত সাপেক্ষে জায়েয হবে।

### শর্তগুলো হল:

এক. পণ্যটি সরাসরি ব্যাংকের কোনো প্রতিনিধিকে মার্কেট থেকে ক্রয় করতে হবে। পক্ষান্তরে তা না করে যদি ক্রয় করার জন্য আপনাকে প্রতিনিধি বানিয়ে আপনার হাতে টাকা ধরিয়ে দেয় এবং আপনি পণ্যটি ক্রয় করে নিয়ে নেন, তাহলে তা জায়েয হবে না। আপনাকে প্রতিনিধি

বানাতে ব্যাংকের পক্ষ থেকে ক্রয় করার পর পণ্যটি ব্যাংক কর্তৃপক্ষকে বুঝিয়ে দিতে হবে।

দুই. ব্যাংকের প্রতিনিধি হয়ে আপনি ক্রয় করুন বা তারা নিজেরা ক্রয় করুক, সর্বাবস্থায় ক্রয় করার পর পণ্যটি ব্যাংকের প্রতিনিধিকে তার আয়ত্বে বুঝে নিতে হবে।

তিন. তারপর আপনার কাছে পণ্যটি বিক্রি করতে হবে। বিক্রয়ের জন্য দুই পক্ষের লোক থাকা জরুরি। আপনাকে যদি বলে দেয়, আপনি আমাদের পক্ষ থেকে দোকান থেকে ক্রয় করে নিয়ে যান, তাহলে তা জায়েয হবে না।

চার. তাদের হস্তগত করা থেকে আপনার কাছে বিক্রি করা পর্যন্ত মধ্যবর্তী সময়টাতে পণ্যটি ব্যাংকের দায়ে থাকবে। কোনোভাবে পণ্যটি ক্ষতিগ্রস্ত হলে, তার দায়ভার ব্যাংককে গ্রহণ করতে হবে।

পাঁচ. পণ্যটি আপনার কাছে কতদিনের মেয়াদে এবং কত টাকায় বিক্রি করা হল, তা বিক্রির সময়ই চূড়ান্ত হয়ে যেতে হবে। যেমন, দাম এক লাখ দশ হাজার। এবং মূল্য পরিশোধের তারিখ ১লা আগস্ট ২০২১ ইং। পক্ষান্তরে বিষয়টি যদি চূড়ান্ত না করে এখতিয়ারের জন্য বুলিয়ে রাখা হয়, যেমন বলা হল, এক বছরে মূল্য পরিশোধ করলে এক লাখ দশ হাজার টাকা এবং দেড় বছরে মূল্য পরিশোধ করলে এক লাখ পনের হাজার টাকা, তাহলেও তা জায়েয হবে না।

হয়। নির্ধারিত একটি মূল্য ও মেয়াদ চূড়ান্ত করে বিক্রি করার পর, অগত্যা যদি আপনি যথাসময়ে মূল্য পরিশোধে ব্যর্থ হন, তাহলে মেয়াদ বেড়ে যাওয়ার কারণে মূল্য বাড়ানো যাবে না।

উপরোক্ত কোনো একটি শর্তের ব্যত্যয় হলেই কারবারটি সুদি কারবারে রূপান্তরিত হবে।

সহিহ বুখারী: ২১৩৬, সহিহ মুসলিম: ১৫২৫, সুনানে আবু দাউদ: ৩৪৯৯, সুনানে তিরমিযি: ২/৫২৪, তাহকীক- বাশশার আওয়াদ মারফ। মুসান্নাফে আবদুর রায়যাক: ১৪৬২৬, বুহুস ফি কযায়া ফিকহিয়া মুআসারা: ১/২২৫-২২৮, ইসলামী ব্যাংকিং, তাকি উসমানি পৃ: ১০১, ১০৫, মাকতাবাতুল আশরাফ।

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (গুফিরা লাছ)



২৮-১২-১৪৪১ হি.

১৯-০৮-২০২০ ইং